# কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও কেন্দ্রীয় সমবায় শিল্প ইউনিয়ন পরিচালনায় বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের কর্মকৌশল নির্ধারণ

(ক) **ভূমিকা:** খুলনা বিভাগে মোট ০৭(সাত) টি কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি এবং ০৫টি সমবায় শিল্প ইউনিয়ন রয়েছে। এই সমিতিগুলির প্রাথমিক সদস্য সমিতি যথাক্রমে ৩৫০(তিনশ পঞ্চাশ)টি এবং ১০৯(একশ নয়)টি। প্রাথমিক সমবায় সমিতিসমূহের মধ্যে অধিকাংশই অকার্যকর এবং সরকারি ঋণ সুবিধা বন্ধ হওয়ার পর খেলাপী হিসেবে চিহ্নিত হয়েছে। ঋণ গ্রহীতা সদস্যগণের মৃত্যু এবং প্রাথমিক সমিতির তেমন কোন স্থায়ী সম্পদ না থাকায় এই সমিতিগুলোর কার্যকর অস্তিত্ব নেই বললেই চলে। কিন্তু কেন্দ্রীয় সমবায় সমিতিগুলো যখন নিয়মিত প্রাথমিক সমিতিসমূহকে অর্থ ও উপকরণ সহযোগিতা প্রদান করত তখন উল্লেখযোগ্য স্থাবর সম্পদ সৃষ্টি করতে সমর্থ হয়েছে। কালের বিবর্তনে এই সম্পদের মূল্য বৃদ্ধি পেয়েছে এবং সদস্য সমিতিসমূহের অকার্যকরতার কারণে কেন্দ্রীয় সমিতিতে স্বার্থনাষী মহলের অনুপ্রবেশ ঘটেছে। ফলশ্রুতিতে অধিকাংশ সমবায় সমিতিতে নির্বচন নিয়ে মামলা দায়ের, স্থায়ী সম্পদের বেদখল, ব্যবস্থাপনায় শূণ্যতা বিরাজ করছে। এমতাবস্থায়, এ সকল সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা সুদৃঢ় করাসহ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সুরক্ষায় কার্যকর কর্মকৌশল নির্ধারণ অবশ্যক হয়ে পড়েছে।

(খ) **গবেষণার সমস্যা:** কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনা সংক্রান্ত জটিলতা ও বিপুল পরিমাণ স্থাবর সম্পদের সদ্ব্যাবহার না হওয়া।

(গ) **গবেষণার যৌক্তিকতা:**

- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতিসমূহের নির্বাচন নিয়ে বিভিন্ন সময়ে মামলা দায়ের হচ্ছে ফলে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা যাচ্ছে না।
- অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে উপযুক্ত প্রাথমিক সমিতির প্রতিনিধি পাওয়া যায় না।
- সমবায় শিল্প ইউনিয়নের প্রাথমিক সমিতির নিস্ক্রিয়তা।
- মূল্যবান স্থায়ী সম্পদের সদ্বব্যবহার না হওয়া এবং বেদখল হওয়ার প্রবণতা।
- বিদ্যমান সম্পদের আয় হতে প্রাথমিক সমিতি তথ্য সদস্যদের কল্যাণে কোন কার্যক্রম না থাকা।

(ঘ) **গবেষণার উদ্দেশ্য:**

- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়নের নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠনের অন্তরায়সমূহ চিহ্নিত করা।
- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়নের স্থায়ী সম্পদের হালনাগাদ তালিকা প্রণয়ন ও বাজার মূল্য নির্ধারণ।
- বেদখলকৃত স্থায়ী সম্পদের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
- প্রাথমিক সদস্য সমবায় সমিতি কার্যকর করার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন।
- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি/সমবায় শিল্প ইউনিয়ন এর স্থায়ী সম্পদ হতে অর্জিত আয় হতে প্রাথমিক সমিতির ন্যায্য অংশিদারিত্ব প্রতিষ্ঠার ব্যবস্থা নেওয়া।

**(ঙ) প্রত্যাশিত ফলাফল:**

- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়নএর নির্বাচন সংক্রান্ত মামলা/মোকদ্দমা দায়ের হ্রাস পাবে এবং বিদ্যমান মামলাসমূহ নিষ্পত্তিতে উপযুক্ত কার্যব্যবস্থা গ্রহণ করা যাবে।
- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়ন বৈধ ব্যবস্থাপনা নিশ্চিত হবে।
- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়ন এর বর্তমান সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা যাবে।
- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়ন এর সদস্য সমিতির স্বার্থ সংরক্ষণে ব্যবস্থা নেওয়া যাবে।

- কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও সমবায় শিল্প ইউনিয়নএর ভূমি ও তার মালিকানা সংক্রান্ত কাগজপত্রের হালনাগাদ তথ্য পাওয়া যাবে।
- অসমবায়ী/দালাল শ্রেণির ও দৌরাত্ম নিরসনে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা যাবে।

**(চ) গবেষণার উপকারভোগী:** সমবায়ী তথা সাধারণ গণগন। এছাড়া গবেষণালব্ধ ফলাফল সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে অবদান রাখবে।

**(ছ) গবেষণার পরিধি:** বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনার প্রশাসনিক ১০টি জেলা ২৯ ক্যাটাগরীর সমবায় সমিতির মধ্যে ঐতিহ্যবাহী ও সম্পদশালী ০২টি ক্যাটাগরির কেন্দ্রীয় সমবায় সমিতি নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালিত হবে।

**(জ) গবেষণা পদ্ধতি:**

- **প্রাথমিক উৎস:** Open end ও Close end প্রশ্নমালার সাহায্যে সমবায়ী, সমবায় নেতৃবৃন্দ ও সমবায় কর্মকর্তাদের নিকট থেকে স্বাক্ষাৎকারের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। তাছাড়া ০২টি জেলায় Focused Group Discussion আয়োজন করে মতামত সংগ্রহ করা হবে।
- **সেকেন্ডারী উৎস:** সমবায় সমিতির অডিট রিপোর্ট, ত্রৈমাসিক ও বার্ষিক পরিসংখ্যান, জাতীয় সমবায় সমিতির তথ্যাদি।
- তথ্য সমূহের আলোকে ডাটাবেইজ প্রণয়ন করা হবে। Graphical Presentation এর মাধ্যমে উপান্তসমূহ বিশ্লেষণ করে দেখানো হবে।

(৩) **গবেষক দলের নাম ও পরিচিতি:**

উপদেষ্টা: জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

সদস্য:

০১. জনাব মাসুদা পারভীন, উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

০২. জনাব ইমরান হোসেন, সহকারী নিবন্ধক (প্রশাসন),বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

০৩. জনাব সৈয়দ জসীম উদ্দিন, জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত), মেহেরপুর।

(৪) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:

| ক্রঃ নং | কার্যক্রম | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | সময়কাল |
|---|---|---|---|
| ০১ | গবেষণা প্রস্তাব অনুমোদন | যুগ্মনিবন্ধক | ০১/০৫/২০১৯ |
| ০২ | সেকেন্ডারী ডাটা সংগ্রহ | গবেষণা দল | ০২/০৫/২০১৯-১৫/০৫/২০১৯ |
| ০৩ | প্রশ্নমালা তৈরি | গবেষণা দল | ১০/০৫/২০১৯ |
| ০৪ | প্রাইমারী ডাটা সংগ্রহ | গবেষণা দল | ১৬/০৫/২০১৯-০৫/০৬/২০১৯ |
| ০৫ | তথ্য সমূহ বিশ্লেষণ | গবেষণা দল | ০৬/০৬/২০১৯-০৭/০৬/২০১৯ |
| ০৬ | সেমিনার উপস্থাপনের জন্য খসড়া প্রতিবেদন তৈরি | গবেষণা দল | ০৮/০৬/২০১৯-০৯/০৬/২০১৯ |
| ০৭ | সেমিনার | যুগ্মনিবন্ধক | ১০/০৬/২০১৯ |
| ০৮ | চূড়ান্ত গবেষণা প্রতিবেদন তৈরি | যুগ্মনিবন্ধক ও গবেষণা দল | ১২/০৬/২০১৯ |

(৫) প্রস্তাবিত বাজেট:

| | |
|---|---|
| (ক) প্রশ্নমালা প্রণয়ন- | ২০০০/- |
| (খ) তথ্য সংগ্রহ ও ডাটাবেইজ তৈরি- | ১২০০০/- |
| (গ) ফোকাসড গ্রুপ ডিশকাশন- ০২টি | ৪০০০/- |
| (ঘ) সেমিনার ২৫ জন ..... | ৪৪০০০/- |
| (ঙ) গবেষক দলের সম্মানী | ২৮০০০/- |
| (ছ) প্রতিবেদন প্রণয়ন ব্যয় | ১০০০০/- |
| | ১০০০০০/- |

| | | |
|---|---|---|
| (সৈয়দ জসীম উদ্দিন)<br>জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)<br>মেহেরপুর। | (ইমরান হোসেন)<br>সহকারী নিবন্ধক (প্রশাসন)<br>বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। | (মাসুদা পারভীন)<br>উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)<br>বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। |